

২০২১

বাংলা - সাম্মানিক

তৃতীয় সেমেস্টার

পত্র : CC-7

(কথাসাহিত্য)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) চিঠিতে রবীন্দ্রনাথ জানিয়েছিলেন : “যোগাযোগটাকে মাঝখানে এক জায়গায় থামিয়ে দেওয়া গেল। আবার যদি ইচ্ছা হয় তবে অন্য একটা নাম দিয়ে এর আর একটা অংশ লেখবার চেষ্টা করা যাবে।” — ‘যোগাযোগ’ কি অসম্পূর্ণ উপন্যাস? তোমার বক্তব্যের সমর্থনে যুক্তি দাও। ১০

অথবা,

- (খ) ‘যোগাযোগ’ উপন্যাসের বিপ্রদাস চরিত্রটি সমগ্র রবীন্দ্র উপন্যাসে স্বাতন্ত্র্য-চিহ্নিত।— এই স্বাতন্ত্র্যের পরিচয় দাও। ১০

অথবা,

- (গ) ‘দেনাপাওনা’ উপন্যাসের নামকরণের তাৎপর্য বিচার করো। ১০

অথবা,

- (ঘ) ‘দেনাপাওনা’ উপন্যাসের ষোড়শী চরিত্রটির বৈশিষ্ট্য বিচার করো। ১০

- ২। (ক) ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসের কেন্দ্রে রয়েছে কুবের চরিত্রের গোষ্ঠীস্বভাব থেকে ব্যক্তিস্বভাবে নিষ্কমণ তথা মুক্তি। — তুমি কি এই মত সমর্থন করো? যুক্তিসহ লেখো। ১০

অথবা,

- (খ) ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসে পদ্মা নিছক পটভূমি মাত্র নয় তা জীবন্ত চরিত্র হয়ে উঠেছে। — মন্তব্যটি বিচার করো। ১০

অথবা,

- (গ) ‘অরণ্যের অধিকার’ উপন্যাসে অরণ্য ও মুন্ডা সমাজ অভিন্নসত্তা হয়ে উঠেছে। — আলোচনা করো। ১০

অথবা,

- (ঘ) ‘অরণ্যের অধিকার’ উপন্যাসে অমূল্য আব্রাহাম চরিত্রটির প্রয়োগগত তাৎপর্য আলোচনা করো। ১০

Please Turn Over

৩। (ক) একটি মূক ও বধির মেয়ের জীবনযন্ত্রণা ‘সুভা’ গল্পে যে মর্মস্পর্শী ভাষায় ব্যক্ত হয়েছে তা পর্যালোচনা করো। ১০

অথবা,

(খ) ‘ফসিল’ গল্পের নামকরণের সার্থকতা বিচার করো। ১০

৪। (ক) “যেখানে কার্যকারণের যোগাযোগ নেই সেখানে তর্ক করবে কি নিয়ে? অমাবস্যার সঙ্গে কুস্তি করা চলে না।” — প্রসঙ্গটি ব্যাখ্যা করো। ৫

অথবা,

(খ) “এমন কিছু আছে যা ছেলের জন্যেও খোওয়ানো যায় না।” — বক্তব্যটির অন্তর্নিহিত তাৎপর্য বুঝিয়ে দাও। ৫

অথবা,

(গ) “ইহা ভিত্তিহীন শূন্য আফালন নহে, তাহা শুনিলেই বুঝা যায়।” — প্রসঙ্গটি ব্যাখ্যা করো। ৫

অথবা,

(ঘ) “..... আমাকে দুঃখীর কাজে লাগিয়ে দেখো কথখনো ঠকবে না” — প্রসঙ্গ নির্দেশ করে বক্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো। ৫

৫। (ক) ‘মানুষ বশ করার কত কায়দাই লোকটা জানে!’ — উদ্দিষ্ট ‘লোকটা’র পরিচয় দাও। ৫

অথবা,

(খ) “গ্রামের একটি মেয়েকে হাসপাতালে নেওয়া প্রতিমা বিসর্জনের চেয়ে কম গুরুতর ব্যাপার নয়।” — বক্তব্যটির অন্তর্নিহিত তাৎপর্য বুঝিয়ে দাও। ৫

অথবা,

(গ) “মুভা শুধু ঘাটো খাবে কেন? কেন সে দিকুদের মত ভাত খাবে না?” — প্রসঙ্গ নির্দেশ করে বক্তব্যের তাৎপর্য ব্যাখ্যা করো। ৫

অথবা,

(ঘ) “লড়াই যেথা ও সেথা। ওর বয়স আটশো অষ্টাশি চাঁদ হল।” — উদ্দিষ্ট ব্যক্তিটির পরিচয় দাও। ৫

৬। (ক) “.....আমার সমস্ত ইহজীবনে কেবল ক্ষণকালের জন্য একটি অনন্তরাত্রির উদয় হইয়াছিল— আমার পরমায়ুর সমস্ত দিন-রাত্রির মধ্যে সেই একটিমাত্র রাত্রিই আমার তুচ্ছ জীবনের একমাত্র চরম সার্থকতা।” — কার কেন এই রকম উপলব্ধি তা বুঝিয়ে দাও। ৫

অথবা,

(খ) “চৈত্র শেষে আবার নতুন কোন গন্ধ পায় কি গাজনপুরের পদ্মবুড়ি!” — প্রসঙ্গটি ব্যাখ্যা করো। ৫

৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও। ৫×১

(ক) ‘যোগাযোগ’ উপন্যাসের নিস্তারিণী চরিত্রটির ভূমিকা সংক্ষেপে ব্যাখ্যা করো।

অথবা,

- (খ) ‘দেনাপাওনা’ উপন্যাসের ফকির সাহেব চরিত্রটির প্রয়োগগত তাৎপর্য বুঝিয়ে দাও।  
 (গ) ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসে ব্যবহৃত ভাষার বৈশিষ্ট্য আলোচনা করো।

অথবা,

- (ঘ) “এইরকমই ছিল ধানীদের জীবন।” — ধানীদের জীবনের পরিচয় দাও।  
 (ঙ) “দেখতে পেলেন মেয়েটির ভিতর থেকে ঝকঝক করছে ক্যারেকটারের তেজ—”। উদ্দিষ্ট মেয়েটির পরিচয় দাও।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

- (ক) ‘যোগাযোগ’ উপন্যাসের মুকুন্দলালের স্ত্রী-র নাম কী?

অথবা,

- ‘দেনাপাওনা’ উপন্যাসের চণ্ডীগড় গ্রামে জীবানন্দের মাতামহ যে বাংলা বাড়ি তৈরি করেছিলেন তার নাম কী?  
 (খ) “ছেলেবেলা থেকে আমি যা কিছু কল্পনা করেছি সব তোমাদেরই ছাঁচে।” — কার উক্তি?

অথবা,

- “মায়ের ভৈরবী আর তোমাকে রাখলে চলবে না” — কার উক্তি?  
 (গ) “খবরটা বিপ্রদাসের কানে গেল” — কোন খবর?

অথবা,

- “..... যা ভাবা গিয়েছিল, বোধ হয় ঠিক তা নয় — নেহাত হাবাবোকা বলে মনে হয় না।” — উদ্দিষ্ট ব্যক্তির পরিচয় দাও।  
 (ঘ) “নে যন্ত্রটা আমরা দুজনে মিলে বাজাই”। — কোন যন্ত্র?

অথবা,

- “..... যে পীড়িত, যে অসহায় তাকে রক্ষা করাই ত আমাদের ব্যবসা মা।” — কার উক্তি?  
 (ঙ) ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসটির প্রথম ইংরেজি অনুবাদ করেন কে?

অথবা,

- ‘অরণ্যের অধিকার’ উপন্যাসটি উৎসর্গ করা হয়েছে কাদের?  
 (চ) “গরিবের মধ্যে সে গরিব, ছোটোলোকের মধ্যে আরো বেশি ছোটোলোক” — কার সম্পর্কে বলা হয়েছে?

অথবা,

- “চল ধানী, ভাগনাদিহি যাই।” — ‘ভাগনাদিহি’ কীসের জন্য বিখ্যাত?  
 (ছ) মালার বাপের বাড়ি কোথায়?

অথবা,

- বীরসার কোথায় জন্ম হয়?  
 (জ) “আমারে নিবা মাঝি লগে?” — কার উক্তি?

Please Turn Over

অথবা,

- “বাট দিস ইজ রেবেলিয়ন।” — ‘রেবেলিয়ন’ শব্দের অর্থ কী?
- (ঝ) ‘ল্যাবরেটরি’ গল্পটি কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল?
- (ঞ) “ও কে। ও কে। ও কে গো।” — উদ্দিষ্ট ব্যক্তিটি কে?
- (ট) “এই দল হইতেই তাহার শেষ পলায়ন।” — কার কথা বলা হয়েছে?
- (ঠ) ‘মহানগর’ গল্পটি কবে কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?
- (ড) “বকম বকম আর বকম বকম।” — কার কথা বলা হয়েছে?
- (ঢ) “দুজনেই খরখর করে কেঁপে ওঠে” — কার কার কথা বলা হয়েছে?
- (ণ) “রাজ্য শাসন লাঠিবাজি নয়, এও একটা আর্ট” — এই ভাবনাটি কার?
-